

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৯৪

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯২. রাসূলুল্লাহ (ﷺ) এর সালাতের বৈশিষ্ট্য

بَابِ صِفَةِ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

حَدَّثَنَا مُعَاوِية بُنُ عَمْرٍ و حَدَّثَنَا زَائِدَة بُنُ قُدَامَة حَدَّثَنَا عَاصِم بُنُ كُلَيْب أَخْبَرِنِي أَبِي أَنَ وَائِلَ بُنَ حُجْرٍ أَخْبَرَه قَالَ قُلْتُ لَأَنْظُرَنَ إِلَى صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ يُصِلِّي فَنَظَرْت لِإِلَيْهِ فَقَامَ فَكَبَّرَ فَرَفَعَ يَدَيْهِ حَتَّى حَاذَتَا بِأُنْنَيْهِ وَوَضَعَ يَدَهُ الْيُمْنَى كَيْفَ يُصِلِّي فَنَظَرْت لِإِلَيْهِ فَقَامَ فَكَبَّرَ فَرَفَعَ يَدَيْهِ حَتَّى حَاذَتَا بِأُنْنَيْهِ وَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى ظَهْرِ كَفِّهِ الْيُسْرَى قَالَ ثُمَّ لَمَّا أَرَادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ مِثْلَهَا وَوَضَعَ يَدَيْهِ عَلَى عَلَى ظَهْرِ كَفِّ وَلَيْهِ بِحِذَاء أَذُنيْهِ ثُمَّ وَفَعَ يَدَيْهِ مِثْلَهَا ثُمَّ سَجَدَ فَجَعَلَ كَفَيْهِ بِحِذَاء أَذُنيْهِ ثُمَّ قَعَد فَافْتَرَشَ رَكْبَتِهِ لَئُهُ الْيُسْرَى وَوَضَعَ كَفَّهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ وَرُكْبَتِهِ الْيُسْرَى وَوَضَعَ كَفَّهُ الْيُسْرَى وَوَضَعَ كَفَّهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ وَرُكْبَتِهِ الْيُسْرَى وَجَعَلَ مِرْفَقَهُ الْأَيْمَنَ رِجْلَهُ الْيُسْرَى وَوَضَعَ كَفَّهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ وَرُكْبَتِهِ الْيُسْرَى وَجَعَلَ مِرْفَقَهُ الْأَيْمَنَ وَلَا يُسُونَى وَوَضَعَ كَفَّهُ الْيُسْرَى عَلَى فَخْذِهِ وَرُكْبَتِهِ الْيُسْرَى وَوَضَعَ كَفَّهُ الْيُسْرَى عَلَى فَخْذِهِ وَرُكْبَتِهِ الْيُسْرَى وَجَعَلَ مِرْفَقَهُ الْأَيْمَنَ عَلَى فَخْذِهِ الْيُسْرَى وَجَعَلَ مَرْفَعَهُ الْأَيْمُنَ عَلَى النَّاسِ جُلًا التِيَابِ يُحَرِّكُهَا يَدْعُو بِهَا مِنْ تَحْتِ التَّيِّابِ مِحْدَ ذَلِكَ فِي زَمَانٍ فِيهِ بَرْدٌ فَرَأَيْتُ عَلَى النَّاسِ جُلُّ التِيَابِ يُحَرِّكُها يَدْعُو بَهِ مَنْ تَحْتِ التَّيِّابِ يُحَرِّكُها يَحْرَقُ أَيْتُ عَلَى النَّاسِ جُلُّ التِيَابِ يُحَرِّكُها يَدْعُونَ أَيْدِيهُمْ مِنْ تَحْتِ التَّيَّابِ

## বাংলা

১৩৯৪. ওয়ায়িল ইবনু হুজর রাদ্মিল্লাহু আনহু বলেন, আমি বললাম, আমি নিশ্চয় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত দেখেছি, তিনি কিভাবে সালাত আদায় করতেন। তখন আমি তার দিকে দেখতে লাগলাম, তিনি দাঁড়িয়ে তাকবীর দিয়ে তাঁর উভয় হাত তাঁর কান বরাবর উঠালেন, এরপর ডান হাত বাম হাতে তালুর পিঠের উপর স্থাপন করলেন।

তিনি বলেন, এরপর যখন রুক্' করার ইচ্ছা করলেন, তখন আগের মতো দু'হাত উঠালেন ও তাঁর দু'হাত দু'হাঁটুর উপর স্থাপন করলেন। এরপর (রুক্' হতে) মাথা উঠানোর সময়ও অনুরূপভাবে দু'হাত উঠালেন। এরপর সাজদা করলেন এবং তাঁর হাত দু'টিকে কান বরাবর রাখলেন। এরপর (রুক্' হতে) উঠে বাম পা বিছিয়ে বসলেন ও বামহাতের তালু তার বাম উরু ও হাঁটুর উপর রাখলেন এবং তার ডান কনুই ডান উরুর উপর স্থাপন করলেন। এরপর তিনি কনিষ্ঠ ও অনামিক আঙ্গুল দু'টিকে আবদ্ধ করে রাখেন। এরপর একটি (বৃদ্ধাঙ্গুল ও মধ্যমা আঙ্গুল



দ্বারা) একটি বৃত্তাকার বানান। এরপর (তর্জনী) আঙ্গুল উঠিয়ে রাখেন। আর আমি তাকে সেটা নাড়াতে দেখলাম, যা দিয়ে তিনি দু'আ করছিলেন।এর কিছুদিন পর আমি সেখানে অত্যন্ত ঠাণ্ডার সময় গিয়ে দেখতে পাই যে, লোকেরা তাদের শরীরে কাপড় জড়িয়ে রয়েছেন এবং স্ব-স্ব কাপড়ের নিচ দিয়েই তাদের হাত গুলি নড়াচড়া করছিল।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৮৬০; মাওয়ারিদুয যাম'আন নং ৪৮৫; মুসনাদুল হুমাইদী নং ৯০৯ এ। ((আবু দাউদ ৭২৭; আহমদ ৪/৩১৮; নাসাঈ ২/১২৬;, ৩/৩৭; বাইহাকী ২/১৩২; ইবনু খুয়াইমা ১/২৪৩ নং ৪৮০; দারুকুতনী ১/৯২; তাবারাণী ২২/৩৫... মাওয়ারিদ নং ৪৮৫ এ মুহাকিকের টীকা হতে। অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন